দৈনিক সংবাদ

তারিখ 26 JAN 1995
পৃষ্ঠা ৫ কলাম ?

### ভর্তি ক্ষেত্রে সমস্যা

# কুমিল্লা বোর্ড ।। দু'সহস্রাধিক ছাত্রের পরীক্ষার ফল স্থগিত

।।নূরুররহমান।।

কুমিল্লা, ২৫শে জানুয়ারি।– কুমিল্লা বোর্ডের এইচ এস সি'র ফল প্রকাশিত হয়েছে প্রায় ১ মাস আগে। কিন্তু ঠিক কতসংখ্যক পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রয়েছে এবং কি কারণে রয়েছে তা বোর্ড কর্তৃপক্ষ এখনো জানে না। এদিকে, যেসব পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রয়েছে তারা এবং তাদের অভিভাবকরা প্রতিদিনই ভিড় করছেন বোর্ডে। ফল স্থগিত থাকার কারণে এসব পরীক্ষার্থী পরবর্তী শ্রেণীতে ভর্তি হতে পারছে না। এমনি তারা পাস করেছে না ফেল করেছে এতথ্যও জানতে পারছে না। এসব প্রশ্নের উত্তরে বোর্ড বলছে, সব বুয়েটের কম্পিউটার সেন্টার জানে। ফলে ফল স্থগিত পরীক্ষার্থীদের মধ্যে ক্ষোভ ও হতাশাবাড়ছে।

বোর্ডের একজন উপপরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন, আনুমানিক দেড় হাজার ফল স্থগিত রয়েছে। সঠিক সংখ্যাটি কত তা তিনি বলতে পারছেন না। কি কারণে স্থগিত রয়েছে তাও তার অজানা। তবে তিনি জানিয়েছেন, ইতিমধ্যে ৩১১ জন পরীক্ষার্থীর ফল মুক্ত করা হয়েছে। বাকিদের ফলাফল কবে জানানো যাবে সে সম্পর্কে তিনি কোন সঠিক সময় বলতে পারেননি।

বোর্ডের ফল প্রকাশের গ্যাজেট থেকে জানা গেছে, ২ হাজার ৬৬ জন পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রয়েছে। এর মধ্যে মানবিক বিভাগের ১ হাজার ১৮ জন, বিজ্ঞান বিভাগে ৫১৮ জন এবং বাণিজ্য বিভাগে ৫৩০ জন পরীক্ষার্থী রয়েছে।